# নতুন Scotland নির্মাণ:
# স্বাধীন Scotland-এ শিক্ষা এবং আজীবন শিক্ষণ

BUILDING A NEW
SCOTLAND

## সারাংশ

এটি হল স্বাধীন Scotland-এ শিক্ষা এবং আজীবন শিক্ষণের জন্য স্কটিশ সরকারের প্রস্তাবগুলির সারাংশ। সম্পূর্ণ পত্র:

- এটি বর্তমান নীতিসমূহ কীভাবে অধিকার এবং সর্বকল্যাণের জন্য পথ প্রদর্শনের মাধ্যমে শিক্ষণের ভিত্তি স্থাপন করা যায় তা নির্ধারণ করে, যা শিশু এবং তরুণদের পূর্ণ সম্ভাবনায় পৌঁছানোর সর্বোত্তম সুযোগ দেয় এবং কীভাবে আমরা স্বাধীন Scotland-এর উপর নির্ভর করে এগিয়ে যাব তা দর্শায়।
- Scotland-এর মানুষ শিক্ষা এবং আজীবন শিক্ষণের মধ্য দিয়ে যাওয়ার সময় কী আশা করতে পারেন এবং আমরা কীভাবে আমাদের শিক্ষাগত অফার উন্নত করতে সক্ষম হব তাও বর্ণনা করে।

নিম্নলিখিত প্রতিবেদনে তথ্যপ্রমাণ এবং সূত্রের উল্লেখ সহ এই প্রস্তাবগুলি সম্পর্কে আরও বিবরণ দেওয়া হয়েছে।

## Scotland-এ শিক্ষা এবং আজীবন শিক্ষণ

Scotland-এর স্বতন্ত্র তথা স্বাধীন শিক্ষা ব্যবস্থা বিবর্তনের যুগেরও আগে থেকে আছে এবং স্কটিশ শিক্ষার আন্তর্জাতিক শ্রেষ্ঠত্ব অ্যাক্ট অফ ইউনিয়নের অনেক আগে থেকেই বিদ্যমান। প্রকৃতপক্ষে, Scotland-এর প্রথম বিশ্ববিদ্যালয়, সেন্ট অ্যান্ড্রুজ, 15 শতকের গোড়ার দিকে প্রতিষ্ঠিত হয়েছিল এবং ইংরেজিভাষী বিশ্বে এটি তৃতীয় প্রাচীনতম। Scotland-এর রাজা দ্বিতীয় জেমসের পিটিশনে 1451 সালে গ্লাসগো বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় এবং অ্যাবারডিন বিশ্ববিদ্যালয় Scotland-এর তৃতীয় প্রাচীনতম বিশ্ববিদ্যালয়। আমাদের Scotland-এ শিক্ষার ঐতিহাসিক ঐতিহ্য গৌরবের।

আজ, Scotland-এর শিক্ষা ব্যবস্থা আমাদের দেশের শহর ও গ্রামের কোণে কোণে স্কটিশ সরকার, স্থানীয় কর্তৃপক্ষ এবং Scotland-এর কমিউনিটির সাহায্যে পৌঁছে গেছে। যেসব বিশ্ববিদ্যালয় এবং কলেজ এখন আমাদের সমৃদ্ধ ফার্দার অ্যান্ড হায়ার এডুকেশনের খাতে অবদান রাখছে তারা আমাদের তরুণদেরকে অন্বেষণ করার জন্য বিভিন্ন সুযোগ প্রদান করে। পোস্ট-সেকেন্ডারি স্কুলের যোগ্যতা অর্জনকারী স্কটিশদের শতাংশ ইউরোপের মধ্যে সত্যিই সর্বোচ্চ।

এই স্বাধীনতা ভবিষ্যতের স্কটিশ সরকারদের হস্তান্তর নিষ্পত্তির অধীনে বর্তমানে উপলভ্য নয় এমন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা দেবে যা শিক্ষণের শর্ত এবং ভিত্তিকে আরও শক্তিশালী করে তোলে, যাতে প্রত্যেক তরুণ ব্যক্তি স্কুলে এবং স্কুল-পরবর্তী শিক্ষায় সফল হওয়ার সর্বোত্তম সুযোগ পায়; যাতে আমাদের সকলেরই সারা জীবন শেখার সম্ভাবনা এবং সুযোগ থাকে।

Scotland-এর বর্তমান নীতির সমস্ত ক্ষেত্রে সম্পূর্ণ ক্ষমতা নেই বলে শিশু দারিদ্র্যের পুরোপুরি মোকাবিলা করতে বাধা আসে। স্বাধীন রাষ্ট্রের পূর্ণ ক্ষমতা আসার সাথে সাথেই, ভবিষ্যতের স্কটিশ সরকাররা কীভাবে শিশু দারিদ্র্যকে সবচেয়ে কার্যকরভাবে মোকাবেলা করতে পারে সে সম্পর্কে বিভিন্ন নীতিগত সিদ্ধান্ত নিতে পারবে।

ভবিষ্যতের স্কটিশ সরকাররা বর্তমানে যুক্তরাজ্য সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম মানের চেয়ে উচ্চতর ন্যূনতম মান সহ পিতামাতার ছুটি এবং বেতন ব্যবস্থার উন্নতির বিষয়ে বিবেচনা করতে পারবে। এর মধ্যে রয়েছে:

- মাতার জন্য সবেতন মাতৃত্বকালীন ছুটি এবং লেভেল বাড়ানো
- পিতা/সঙ্গীর জন্য, বর্তমান বিধিবদ্ধ দুই সপ্তাহের ছুটি এবং বেতনের বিধান বৃদ্ধি এবং বাইশ সপ্তাহের মাতৃত্বকালের শেষে পিতামাতাকে একসাথে অতিরিক্ত একাধিক সপ্তাহের ছুটি দেওয়ার ব্যবস্থা করা
- যাদের গর্ভপাত হয় তারা যাতে তিন দিনের বেতনসহ ছুটি পায় তা নিশ্চিত করা

স্বাধীন Scotland-এ স্কটিশ সরকার Scotland-র পরিবারদের সাথে কাজ করবে যে কীভাবে এই উচ্চাকাঙ্ক্ষা বাস্তবায়িত করা যায়।

Scotland ছিল যুক্তরাজ্যের প্রথম দেশ যেটি জাতিসংঘের শিশু অধিকার সনদকে (UNCRC) সরাসরি জাতিসংঘের শিশু অধিকার (ইনকর্পোরেশন) (Scotland) আইন 2024 পাসের মাধ্যমে ('UNCRC অ্যাক্ট') আইনে অন্তর্ভুক্ত করে। স্কটিশ সরকার ইতিমধ্যে শিশুদের অধিকার রক্ষায় তার অঙ্গীকার প্রদর্শন করেছে। তবে Scotland-এ সরকারি সংস্থার প্রতিটি ফাংশন বা পরিষেবাতে বর্তমানে এই দায়িত্ব প্রযোজ্য নয়।

স্বাধীন দেশের ক্ষমতার মাধ্যমে স্কটিশ সরকার UNCRC-কে স্কটস আইনে পুরোপুরি অন্তর্ভুক্ত করে শিশুদের অধিকারকে আরও বাড়াতে সক্ষম হবে। গেটিং ইট রাইট ফর এভরি চাইল্ড (GIRFEC) বাস্তবায়নের  জন্য আমাদের দৃষ্টিভঙ্গির সাথে মিলিত এই প্রতিশ্রুতির লক্ষ্যই হল সমস্ত শিশু এবং তরুণদেরকে তাদের পরিস্থিতি নির্বিশেষে শেখার সর্বোত্তম সম্ভাবনাময় ভিত্তি দেওয়া।

উপরন্তু, স্বাধীন Scotland-এ সমতার বিষয়ে পূর্ণ ক্ষমতার মাধ্যমে ভবিষ্যতের স্কটিশ সরকার  যত্নশীল অভিজ্ঞ সম্প্রদায়ের সাথে কাজ করে সিদ্ধান্ত নিতে পারে যে, 'কেয়ার এক্সপেরিয়েন্স'-কে সুরক্ষিত দিক হিসাবে গড়ে তুললে সেই পরিবর্তন সমাদর পাবে কিনা। যাদের যত্নের অভিজ্ঞতা রয়েছে তাদের বৃহত্তর আইনি সুরক্ষা নিশ্চিত করার জন্য সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া যেতে পারে।

আন্তর্জাতিক গবেষণা দেখায় যে প্রি-স্কুলের শিশুদের জন্য উচ্চমানের প্রাথমিক শিক্ষা এবং শিশুদের যত্নের (ELC) কর্মসূচির সাথে পরবর্তী শিক্ষা, কর্মসংস্থান এবং স্বাস্থ্যের উন্নতি যুক্ত। এমন প্রমাণও রয়েছে যে বঞ্চিত সমাজের শিশুরা এইসব কর্মসূচি থেকে সবচেয়ে বেশি উপকৃত হয় এবং উচ্চমানের ELC-তে বিনিয়োগ করলে শিশুদের বিকাশ, শিক্ষা এবং স্বাস্থ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ স্বল্প এবং দীর্ঘ মেয়াদী উপকারিতাও পাওয়া যায়।

2021 সাল থেকে, Scotland-এ যুক্তরাজ্যের একমাত্র অংশ যা প্রতি বছর 1,140 ঘণ্টা অর্থায়িত ELC প্রদান করে। এটি তাদের পিতামাতার কাজের অবস্থা নির্বিশেষে, তিন এবং চার বছর বয়সী এবং যোগ্য দুই বছর বয়সী সকলের জন্য মোট সময়ের হিসাবে প্রতি সপ্তাহে 30 ঘণ্টার সমান। স্বাধীনতা পেলে, ভবিষ্যতের সরকাররা শিশুর যত্নের উন্নতিতে সচেষ্ট হতে পারবে। উদাহরণস্বরূপ, ভবিষ্যতের সরকার বর্তমানে রিজার্ভড স্কিমগুলির নকশা সম্পর্কে অন্যরকম সিদ্ধান্ত নিতে পারে - ইউনিভার্সাল ক্রেডিট চাইল্ড কেয়ার এবং ট্যাক্স ফ্রী চাইল্ড কেয়ার - যা পিতামাতা এবং পরিচর্যাকারীদের চাইল্ড কেয়ারের জন্য অর্থ প্রদান করতে সহায়তা করে।

আমরা ইতিমধ্যে এমন স্কুল শিক্ষা ব্যবস্থা তৈরি করছি যা শিশু এবং তরুণদের মধ্যে শ্রেষ্ঠত্ব এবং সমতা আনে। Scotland-এর কারিকুলাম ফর এক্সেলেন্সের বিষয়ে OECD'র স্বাধীন প্রতিবেদনে দেখা গেছে যে এটি 'শিক্ষার অনুপ্রেরণাদায়ী এবং ব্যাপকভাবে সমর্থিত দর্শন' সরবরাহ করেছে যার নকশা 'শিক্ষার্থীদের উচ্চশিক্ষার আরও উন্নতির জন্য প্রয়োজনীয় নমনীয়তা'প্রদান করে।

আমাদের টারশিয়ারি শিক্ষা ও গবেষণা ক্ষেত্র বিশ্বের সেরা ক্ষেত্রগুলির মধ্যে অন্যতম। Scotland-এর কলেজ, বিশ্ববিদ্যালয় এবং বিশেষজ্ঞ প্রতিষ্ঠানগুলি জাতীয় সম্পদ যা বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক দিকে অবদান রাখে। আমাদের স্টুডেন্ট সাপোর্ট অফারিং এবং ফ্রি টিউশন নীতি প্রতি বছর Scotland-এ অধ্যয়নরত প্রায় 120,000 শিক্ষার্থীকে সহায়তা করে।

ভবিষ্যতের সরকাররা Scotland-এর জন্য ছাত্র ঋণ ব্যবস্থাও তৈরি করবে, যা ছাত্র ঋণ প্রদানের ক্ষেত্রে আরও নমনীয় হবে এবং HM ট্রেজারি অনুমোদনের সীমাবদ্ধতার সাপেক্ষে হবে না।

স্বাধীন Scotland, EU-এর অংশ হিসাবে, EU দেশগুলির শিক্ষার্থীদের আমাদের বিশ্বমানের কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানাবে, যা ব্রেকজিটের পরে যুক্তরাজ্যে শিক্ষার্থীদের কম আসার ঘটনা পাল্টে দেবে। শিক্ষার্থীরা আবার Erasmus+ প্রোগ্রামের মাধ্যমে নানান এক্সচেঞ্জ প্রোগ্রামে অংশ নিতে পারবে।

© The Scottish Government 2024

দ্য স্কটিশ গভর্নমেন্ট দ্বারা প্রকাশিত, মার্চ 2024

APS Group Scotland, 21 Tennant Street, Edinburgh EH6 5NA দ্বারা স্কটিশ গভর্নমেন্টের জন্য প্রস্তুতকৃত EPPDAS143927 (03/24)